

ফাতওয়া নম্বর: ৪২

তারিখ: ২৮-০৬-২০২০ ইংরেজি

ইযনে আম না থাকলে কি জুমআ পড়া বৈধ হবে?

প্রশ্ন:

বর্তমানে জুমআয় পাঁচ জনের বেশি জমায়েত হওয়া নিষিদ্ধ। এখন জনার বিষয় হলো, মসজিদগুলোতে ইযনে আম এর শর্ত ছুটে যাওয়া সত্ত্বেও কি জুমআ জায়েয হবে? বা মসজিদের বাইরে যেসব স্থানে পাঁচ ওয়াক্ত সালাত পড়া হচ্ছে, ওই সমস্ত স্থানে জুমআ জায়েয হবে কি?

আমান

উত্তর:

কিছুদিন আগে জুমআর উপর সরকারি যে বিধিনিষেধ ছিল, তা ইযনে আম পরিপন্থী নয়। কারণ এখানে নিষেধাজ্ঞার উদ্দেশ্য ভিন্ন কিছু; সালাত থেকে বারণ করা নয়। এরকম নিষেধাজ্ঞা জুমআ সহীহ হওয়ার অন্তরায় নয়। সুতরাং একারণে মসজিদে জুমআ আদায় করতে যেমন কোনো সমস্যা নেই, তেমনি পাঞ্জেরগানা সালাত আদায়ের স্থানে জুমআ আদায় করতেও কোনো সমস্যা নেই। এবিষয়ে আমাদের প্রকাশিত ১৭ নং ফতোয়াটি দেখতে পারেন। ‘করোনা মহামারি: মসজিদ, জুমআ ও জামাতে পাবন্দি-শরীয়াহর নির্দেশনা’ শিরোনামে সেখানে মোটামুটি বিস্তারিত আলোচনা করা হয়েছে।

উল্লেখ্য, আপনি সম্ভবত প্রশ্নটি করেছেন আরো আগে। আমরা যখন আপনার প্রশ্নটি হাতে পাই, ততক্ষণে সরকারের কিঞ্চিৎ সুবুদ্ধির উদয় হয়েছে এবং তারা মসজিদ থেকে সেই বিধি নিষেধ তুলে নিয়েছে।

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

৬ ই যুলকা'দাহ, ১৪৪১ হি.

২৮ শে জুন, ২০২০ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ